মেহেরপুরে শিকড় ৯৭ এর বার্ষিক পুনর্মিলনি ও শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের এসএসসি ১৯৯৭ ব্যাচ ‘শিকড় ৯৭’ এর বন্ধুদের বার্ষিক পুনর্মিলনি ও শতাধিক দুস্থর ম◌াঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত পুনর্মিলনি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিকড় ৯৭ সংগঠনের সভাপতি ডা: কাজল আলী।

অনুষ্ঠানে সংগঠনের পক্ষ থেকে সমাজকল্যান বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়।

পুনর্মিলনি অনুষ্ঠানে বক্তব্য দেন সাধারণ সম্পাদক আরিফুর রহমান জনি, যুুগ্ম সম্পাদক ইয়াদুল মোমিন, প্রচার সম্পাদক আশেক খান, সহ প্রচার সম্পাদক শাহিন বিশ্বাস, খাদ্য বিষয়ক সম্পাদক মীর সাদিক ওয়াহিদ নিয়ন, সদস্য সন্দিপ কুমার দাস, আবু মো: সালেহ শুভ, জালাল উদ্দিন, নাহিদ রেজা, সদর হাসান নাহিদ: আব্দুল ওয়ালি রাজা, রানা হামিদ, আব্দুস সামাদ প্রমুখ।

এর আগে সকালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে মেহেরপুর বনাম ঢাকা একাদশের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। খেলায় মেহেরপুর একাদশ ৮ উইকেটে জয়লাভ করে।

কুষ্টিয়াতে নারী বাতায়নের উদ্যোগে কারাবন্দীরা মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়া কেন্দ্রীয় কারাগারের কয়েদি ও হাজতি মহিলাদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১২ ডিসেম্বর) সকালে কারাগারে বন্দী ৩৪ জন মহিলা ও মায়েদের সাথে থাকা ৪ জন শিশুদের মাঝে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় নারীদের নিয়ে কাজ করা মৌবন পরিচালিত ‘নারী বাতায়ন’ সংস্থার সভাপতি সাফিনা আনজুম জনির উদ্যোগে এসব বস্ত্র বিতরণ করা হয়।

কুষ্টিয়া জেলা কারাগার পরিদর্শন শেষে কয়েদীদের মাঝে এসব শীতবস্ত্র বিতরণ করেন জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা।

নারী বাতায়নের এমন মানবিক কর্মকান্ডের ভুয়সী প্রশংসা করে জেলা প্রশাসক বলেন, বন্দীদেরও পরিবার রয়েছে। অথচ এই কারাগারে থাকার কারনে অনেক সময় অনেক কিছু থেকে বঞ্চিত হয়ে থাকে। ঠিক শীতের শুরুর এই সময়ে আজকের দেওয়া এই শীতবস্ত্র তাদের অনেকটা শীতের কষ্ট লাঘব করবে।

কারাগার পরিদর্শনকালে তিনি জেলে আটক কয়েদিদের খোঁজ-খবর নেন এবং তাদের শৃংখলা মেনে সুন্দর জীবনে ফিরে আসার আহ্বান জানান।

এসময় জেল সুপার আঃ বারেক, জেলার আবু মুছা, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেন, জেলা মহিলা বিষয়ক অফিসার নুরে সফুরা ফেরদৌস, দিশার সহকারী পরিচালক এম আর ইসলাম,ব্লাষ্টের সমন্বয়কারী এ্যাড. শংকর মজুমদার, নারী বাতায়নের কর্মকর্তা এসএম জামাল, মৌবন মাশালার সুপারভাইসার এমদাদ হোসেন সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অপরাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের স্টেডিয়াম পাড়ায় অপরাজিতা নামক একটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে দেড় শতাধিক অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

রবিবার বিকেলে স্টেডিয়ামপাড়া এলাকায় অপারাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের অফিস কার্যালয়ে এ শীতবস্তু বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অপরাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহী পরিচালক ও শহর মহিলা আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান।

প্রধান অতিথি জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলি ইয়াসমিন ।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাবেক ছাত্রনেতা আব্দুল মান্নান ছোট, পৌর মহিলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদিকা সফুরা খাতুন, জেলা মহিলা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর মীর দানিয়াল হোসেন।

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা বাজারস্থ গ্রিনচিলি রেস্টেুরেন্টের সামনে অসহায় দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা কো-অর্ডিনেটর ইখতিয়ার উদ্দিন, জয়েন্ট কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক শরীফুল আলম মিল্টন, শিক্ষক আব্দুল মোমিন, আক্তার হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, এসএম আব্দুর রকিব, ইউসুফ আলী খান ইছা মেম্বার, সহকারী অধ্যাপক বিল্লাল হোসেন, শিক্ষিকা শামসুন্নাহার, আশেখ উদ-দৌলা লিটন, জাহিদুল ইসলাম, শাহীন কাদির, সাব্বির হোসেন, আব্দুল মোমিন, আতিয়ার রহমান খান, এমদাদুল হক।

গাংনীতে প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে । সোমবার বেলা ১১টার দিকে গাংনীর হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ৫ শতাধিক শীতার্তকে একটি করে কম্বল বিতরণ করেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহহবিল থেকে প্রেরিত এসকল শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু ও গাংনী পৌরসভার কাউন্সিলর মোতালেব হোসেন, জনপ্রতিনিধি ও স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মীবৃন্দ।

কোটচাঁদপুরে অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

দরিদ্র,অসহায় ও দুস্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। ঝিনাইদহের কোটচাঁদপুরের সাফদারপুর বাজার পরিচালনা কমিটি ও বণিক সমিতির উদ্যোগে রবিবার বিকালে সমিতির কার্যালয়ে শীতবস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাজার পরিচালনা কমিটি ও বণিক সমিতির সভাপতি আয়েছ উদ্দিন মিয়া।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বনিক সমিতির সহ-সভাপতি শাহাবুল হক। শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠান পরিচালনা করেন বনিক সমিতির সাধারণ

সম্পাদক হামিদুল ইসলাম। সার্বিক সহযোগিতা ছিলেন বনিক সমিতির সহ-সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, কোষাধ্যক্ষ আনোয়ার হোসেন মাস্টার, আবুল কালাম আজাদ, আব্দুল লতিফ লতা,ডাক্তার রফিকুল ইসলাম, মনিরুল ইসলাম, সিরাজুল ইসলাম,ফিরজ,সোহাগ প্রমুখ । সে সময় ৬০ জন এলাকার অসহায় মানুষের মাঝে শীত বস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়।

মুজিবনগরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ব্যক্তিগত উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

পৌষের শেষে এবং মাঘ মাসের শুরুতে মুজিবনগরে বেড়েছে শীতের তীব্রতা। চলছে শত্য প্রবাহ বিপর্যস্ত জনজীবন। কষ্টে দিনপার করছে খেটে খাওয়া নিম্নবিত্তরা। তাদের এই কষ্ট কিছুটা লাঘব করে কিছুটা উষ্ণতা প্রদানের উদ্যোগ নিয়েছে মেহেরপুর ১ আসনের এমপি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বিতরণ করছেন শীত বস্ত্র।

তারই ধারাবাহিকতায় রবিবার দুপুরে ইয়াং বাংলা ফিউচার লিডার্স, মুজিবনগর উপজেলা শাখার আয়োজনে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি এর নিজস্ব উদ্যোগে মুজিবনগর আদর্শ মহিলা কলেজ প্রাঙ্গণে ইয়াং বাংলা ফিউচার লিডার্স মুজিবনগর উপজেলার সদস্যদের মাধ্যমে প্রায় ৪ শতাধিক দুস্থ অসহায় শীতার্থদের হাতে শীত নিবারণের শীত বস্ত্র তুলে দেওয়ার জন্য জনপ্রশাসন প্রতিমন্ত্রীর সহধর্মিনী কেন্দ্রীয় যুবমহিলা লীগের সদস্য সৈয়দা মনালিসা ইসলাম শীতবস্ত্র কম্বল বিতরণ করেন।

এসব কম্বল উপজেলার ইয়াং বাংলা ফিউচার লিডারের সদস্যরা বাড়ি বাড়ি গিয়ে অসহায় শীতার্থদের মাঝে বিতরণ করবেন।

শীত বস্ত্র বিতরণ উপলক্ষে মুজিবনগর আদর্শ মহিলা কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠানের আয়োজন করা হয় অনুষ্ঠানে ইয়ং বাংলা ফিউচার লিডার্স মুজিবনগর উপজেলা শাখার সভাপতি হাসানুজ্জামান লালটু সভাপতিত্বে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী সহধর্মিনী কেন্দ্রীয় যুবমহিলা লীগের সদস্য সৈয়দা মনালিসা ইসলাম। ইয়ং বাংলা ফিউচার লিডার মুজিবনগর উপজেলার সাধারণ সম্পাদক মতিউর রহমান মতিনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইয়াং বাংলা ফিউচার লিডার্স মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ইব্রাহিম আলী, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুবুদ্দিন আহমেদ।

এ সময় ইয়াং বাংলা ফিউচার লিডার্স মুজিবনগর উপজেলার ইউনিয়ন ওয়ার্ড পর্যায়ের নেতা কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের ব্যক্তিগত উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের ব্যক্তিগত উদ্যোগে বাংলাদেশ যুব মহিলা লীগের আয়োজনে গরিব অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার বিকেলে কমিউনিটি সেন্টারে শীতবস্ত্র বিতরণ করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গরিব অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করেন।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে অন্যদের মাঝে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী ও বাংলাদেশ যুব মহিলা লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম।

এছাড়াও মেহেরপুর জেলা যুব মহিলা লীগের নেত্রীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির আয়োজনে অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির আয়োজনে অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠিত হয় শহরের টার্মিনাল সংলগ্ন চেম্বার ভবন হল রুমে।

চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি সভাপতি ইয়াকুব হোসেন মালিক এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন।

এ সময় তিনি বলেন, আমরা আপনাদের ঘরের সন্তান। এই শীতে আপনারা অমানবিক কষ্ট করবেন, তা মেনে নেয়া যায় না। আপনাদের প্রতি বুকভরা ভালোবাসা, শ্রদ্ধাবোধ, সম্মান ও সহমর্মিতা নিয়ে আমরা এখানে এসেছি, পরিবারের সদস্য হিসেবে আপনাদের পাশে দাঁড়াতে। এ সময় তিনি মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়াতে সবাইকে আহ্বান জানান। যে কোনো অপরাধমূলক কর্মকাণ্ড কারও চোখে পড়লে পুলিশকে জানানোর জন্য অনুরোধ করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মাহাব্বুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা ইউনিটের সভাপতি নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা দোকান মালিক সমিতি সাধারণ সম্পাদক ইবরুল হাসান জোয়ার্দ্দার ইবু সহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির নেতৃবৃন্দ।

সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের সপ্তাহ ব্যাপী শীতবস্ত্র বিতরণ

সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ থেকে সপ্তাহ ব্যাপী জেলার ৪টি উপজেলায় শীতবস্ত্র বিতরণ করা হয়।

গতকাল শুক্রবার (৬ জানুয়ারি) বিকাল ৪টায় চুয়াডাঙ্গা পৌর এলাকার পলাশপাড়ায় মরহুম অধ্যাপক ওয়াজেদ আনোয়ারুল কাদিরের বাড়ির বাগানে প্রায় দুই শতাধিক দুঃস্থ মানুষের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুঃস্হদের হাতে শীতবস্ত্র তুলে দেন জীবননগর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ প্রকৌশলী ইমরুল কাদির বাবু।

হামিদুল ইসলাম সেন্টুর উপস্থাপনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা কো-অর্ডিনেটর ডা. সায়ীদ মেহবুব উল কাদির, এডমিন প্যানেলের মডারেটর লাবণ্য মারু, যুগ্ন কো-অর্ডিনেটর শামস গোলাম হোসেন আবির, শারমিন দিলারা লুনা, সব্যসাচী রাজু, শফিকুল ইসলাম জিন্নাহ, শিক্ষক মহসিন আলী, মোজাম্মেল হক নেন্টু।

এ সময় উপস্থিত ছিলেন সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের ঝর্না, মনোজ কুমার আগারওয়াল, জিয়াউর রহমান জিয়া, জাহাঙ্গীর আলম, শাহীন পারভেজ, কামরুল হাসান হিরো, ইসমাইল হোসেন, মনজুর আলম, সাংবাদিক রিফাত রহমান, জহুরুল ইসলাম, আজিম উদদীন। এছাড়া সার্বিকভাবে সহযোগিতা করেন, ঢাকা থেকে বন্ধু প্রকৌশলী শামীমুর রহমান রোমেল, ডা. আসমা উল হোসনা লাকি, ফিরোজা বেগম কেয়া, জাহাঙ্গীর হোসেন লিটন, নাজমুল হাসান তপু, তৌফিক এহসান বাবু, প্রকৌশলী আনোয়ারুল আজীম বিপুল, জীবননগর উপজেলার যুগ্ন কো- অর্ডিনেটর সাংবাদিক মুন্সী মাহবুবুর রহমান বাবু, আবদুস সালাম ঈশা, হাসানুজ্জামান পলাশ, দামুড়হুদা উপজেলার সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, ইউসুফ আলী খান ঈছা, শাহীন, একরামুল হক।

দর্শনা থেকে শাহ মুহাম্মদ তারিকুজজামান, আলমডাঙ্গা উপজেলা থেকে অন্যতম যুগ্ন কো-অর্ডিনেটর হাবিবুল করিম চঞ্চল, এমদাদ হোসেন, এসএম শাহজাহান ঝন্টু ও বিল্লাল হোসেন বিপ্লব। আমেরিকা প্রবাসী প্রকৌশলী মোহাম্মদ মামুনুর রশীদ এবং কানাডা প্রবাসী প্রকৌশলী